দৈনিক
ইত্তেফাক

22 OCT 2016

# ১৬ বছর পর পবিপ্রবিতে প্রধান ফটক ও টিএসসি নির্মাণ

■ পবিপ্রবি (পটুয়াখালী) সংবাদদাতা

প্রতিষ্ঠার ১৬ বছর পর পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (পবিপ্রবি) নির্মিত হলো প্রধান গেইট ও ছাত্র-শিক্ষক কেন্দ্র (টিএসসি)। এদিকে এতদিন পর বিশ্ববিদ্যালয়ে টিএসসি নির্মিত হওয়ায় উচ্ছ্বসিত শিক্ষার্থীরা। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, প্রায় ৫ কোটি ২৯ লাখ ৯৯ হাজার ৬২০ টাকা ব্যয়ে নির্মিত তিন তলা বিশিষ্ট টিএসসি ভবনে থাকবে থিয়েটার রুম, ইনডোর গেম, কম্পিউটার ল্যাব, ক্যান্টিন, স্টেশনারি ও মেডিসিন কর্নার, পোস্টবক্স ওয়াইফাইসহ অন্যান্য আধুনিক সুযোগ সুবিধা।

অপরদিকে দক্ষিণ প্রান্তের প্রবেশ মুখে প্রায় ৩৩ লাখ টাকা ব্যয়ে নির্মিত হয়েছে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক। আকর্ষণীয় লাইটিং এবং দৃষ্টিনন্দন নির্মাণ শৈলী ক্যাম্পাসের সৌন্দর্য্য আরও বাড়িয়ে তুলেছে বলে জানিয়েছেন শিক্ষার্থীরা।

উল্লেখ্য, গত বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে টিএসসি ও মূল ফটকের উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মো. শামসুদ্দীন। এসময় অন্যদের মাঝে উপস্থিত ছিলেন রেজিস্ট্রার প্রফেসর জেহাদ পারভেজ, কৃষি অনুষদের ডিন প্রফেসর ড. আবুল কাশেম চৌধুরী, মাৎস্য বিজ্ঞান অনুষদের ডিন প্রফেসর ড. সুলতান মাহমুদ, বিএএম অনুষদের ডিন প্রফেসর বদিউজ্জামানসহ বিভিন্ন অনুষদের শিক্ষক-কর্মকর্তাবৃন্দ।